# আমেরিকান রেসকিউ প্ল্যান অ্যাক্ট

## ডেট্রয়েট ফিউচার ফান্ড

**ডেট্রয়েটকে এগিয়ে নিতে এলাকাসমূহের জন্য $826 মিলিয়ন**

## এটি কী?

কোভিড-19 মহামারীর প্রভাব মোকাবেলার জন্য 2021 সালের মার্চ মাসে আমেরিকান রেসকিউ প্ল্যান (American Rescue Plan, ARPA) নামক $1.9 ট্রিলিয়ন ব্যয় সাপেক্ষ একটি ফেডারেল স্টিমুলাস বিল আইন পাস হয়। অঙ্গরাজ্য এবং স্থানীয় সরকারগুলি বাজেটের **ঘাটতি মেটাতে এবং তাদের কমিউনিটিতে বিনিয়োগের জন্য সরাসরি অর্থ গ্রহণ করে**।

## ডেট্রয়েটে এর মানে কী?

মেয়র Duggan-এর নেতৃত্বের মাধ্যমে **ডেট্রয়েট আগামী 3 বছর ব্যবহারের লক্ষ্যে ডেট্রয়েটের ফিউচার ফান্ডের জন্য $826 মিলিয়ন পেয়েছে।** এসব তহবিল আমাদের শহরের বাজেটের ঘাটতি মেটাতে সাহায্য করবে এবং প্রথম $400 মিলিয়ন ডেট্রয়টের এলাকাগুলোতে সরাসরি বিনিয়োগের জন্য ব্যবহার করা হবে।



*ডেট্রয়েটবাসীরা ডেট্রয়েট ফিউচার ফান্ড বৈঠকে অংশ নেবেন*

## ডেট্রয়েটবাসীরা তহবিলের জন্য অগ্রাধিকার স্থির করতে সাহায্য করবেন

ডেট্রয়েটের বাসিন্দাদের মতামত, পরামর্শ এবং কমিউনিটি বৈঠক থেকে উদ্বেগ সম্পর্কে জানার জন্য শহর জুড়ে একটি জরিপ করা হয়। **ডেট্রয়েটের বাসিন্দারা ডেট্রয়েটের ফিউচার ফান্ডের জন্য মূল্যবান মতামত প্রদান করেছেন, যাতে নিম্নবর্ণিত বিষয়সহ কোথায় কোথায় ডলার ব্যয় করা উচিত** তা উল্লেখ করা হয়েছে:

- **আবাসন/সিনিয়র হোম মেরামতের জন্য আরো অর্থ**
- **ট্রাফিক আইন প্রয়োগ; কমিউনিটি ভিত্তিক বন্দুক সহিংসতা হস্তক্ষেপের উদ্যোগ**
- **প্রতিবন্ধী কমিউনিটির জন্য সহায়তা**
- **মানসিক স্বাস্থ্য সহায়তা**
- **বিনোদন কেন্দ্রের অর্থায়ন**

ডেট্রয়েটবাসীদের কাছ থেকে প্রাপ্ত মতামতের ভিত্তিতে তহবিল দ্বারা করণীয় সংশোধন করা হয় এবং পরিকল্পনাটি **ডেট্রয়েট সিটি কাউন্সিলের** কাছে উপস্থাপন করা হয় এবং তারা তা অনুমোদন করে।

(পাতা উল্টান)



**কমিউনিটির মতামত**
**25 মে - 29 জুন**

| | |
|---|---|
| **65** জনসভা | **3,838** বৈঠকের অংশগ্রহণকারী |
| **411** কমিউনিটি সভার মতামত | **739** অনলাইন জরিপ মতামত |

# ডেট্রয়েট ফিউচার ফান্ড কোথায় খরচ করা হবে



## এলাকাসমূহ
**$168.5 মিলিয়ন**

- খালি সম্পত্তি পরিষ্কার এবং গলিপথ সক্রিয় করা
- ব্লক ক্লাব এবং এলাকাসমূহের সমিতিগুলোর জন্য অনুদান; এলাকাসমূহে সাইন স্থাপন; কমিউনিটি পরিচালিত ব্যয়; প্রতিটি কাউন্সিল ডিস্ট্রিক্টে 7 টি প্রকল্প এবং 2 টি শহরব্যাপী প্রকল্প
- কমিউনিটি ভিত্তিক বন্দুক সহিংসতা হস্তক্ষেপের উদ্যোগসহ কমিউনিটি হেলথ কর্পস এবং নির্ধারিত কর্মসংস্থান এবং সক্ষমতা-ভিত্তিক পরিকল্পনা প্রক্রিয়া (wraparound services)
- ধ্বংস, প্রতিকার, এবং ভূমি পুনর্ব্যবহারের মাধ্যমে বাণিজ্যিক ও শিল্প ক্ষয়ক্ষতি দূরীকরণ



## বাসস্থান
**$67 মিলিয়ন**

- বয়স্ক, স্বল্প উপার্জনকারী ও প্রতিবন্ধী কমিউনিটির মানুষদের বাসা মেরামত
- সাশ্রয়ী মূল্যের আবাসন খুঁজে পেতে এবং আর্থিক ও আইনি পরামর্শ পরিষেবা প্রদানের জন্য একটি সিটি লোকেটার সার্ভিস তৈরি
- বন্ধকী সম্পত্তির দখল এবং গৃহহীনতা প্রতিরোধ সহায়তা এবং আবাসন উদ্যোগ; ঋণ সংস্কার এবং পুনরুদ্ধারের উদ্যোগ; ডাউন পেমেন্ট সহায়তা; বাসা মেরামতসহ বয়স্কদের আবাসন প্রকল্প



## চাকরি
**$105 মিলিয়ন**

- কর্মজীবনের দক্ষতা (Skills for Life Employment) (কাজ ও শিক্ষা); ইন্টারজেনারেশনাল মেন্টরিং এবং সিনিয়রদের কর্মসংস্থান; এবং আইটি চাকরি ও কাজের সুযোগ




## জন নিরাপত্তা
**$50 মিলিয়ন**

- ট্রাফিক আইন প্রয়োগ; বন্দুক সহিংসতা কমানোর উদ্যোগ; DPD প্রশিক্ষণ কেন্দ্রের উন্নতি এবং ফায়ারহাউসে EMS বে



## পার্ক ও বিনোদন
**$41 মিলিয়ন**

- সবুজ উদ্যোগ; পার্ক, ওয়াকিং পাথ, জো ল্যুইস গ্রিনওয়ে; রাস্তার দৃশ্য উন্নয়ন; এবং শিল্প ও সাংস্কৃতিক বিনিয়োগ
- বিনোদন কেন্দ্রগুলির জন্য নতুন বা সম্প্রসারিত উন্নতি



## ডিজিটাল ডিভাইড
**$45 মিলিয়ন**

- ডিভাইস; ইন্টারনেট অ্যাক্সেস; প্রযুক্তি সহায়তা উদ্যোগ



## ক্ষুদ্র ব্যবসা
**$40 মিলিয়ন**

- বাড়িওয়ালা সহায়তা; সুদ হ্রাস এবং ঋণ সহায়তা প্রকল্পসহ ক্ষুদ্র ব্যবসা পুনরুদ্ধার প্রকল্প; ক্ষুদ্র ব্যবসায়ের সক্ষমতা বৃদ্ধি; ডেভেলপমেন্ট স্টিমুলাস প্রোগ্রাম; এবং করিডর ভিত্তিক বিনিয়োগ

## শহরের পরিষেবা ও পরিকাঠামো

শহরের পরিষেবা, আইটি আয় ঘাটতি পূরণ এবং সাইবার নিরাপত্তা পরিকাঠামোতে বিনিয়োগ করার জন্য **250.2 মিলিয়ন**

## ম্যাচ ফান্ডিং

**এছাড়াও মানসিক স্বাস্থ্য এবং বাসা মেরামতের উপর জোর দিয়ে অতিরিক্ত তহবিলের জন্য $30 মিলিয়ন ম্যাচ ফান্ডিং অনুদান**

## এটি কী কাজে ব্যবহার করা হবে?

1. পেনশন ফান্ড পেমেন্ট
2. ঋণ পরিশোধ
3. প্রাক-কোভিড বাধ্যবাধকতার জন্য পেমেন্ট

**ARPA তহবিল অবশ্যই 2024 এর মধ্যে সম্পূর্ণ খরচ করতে হবে, না হলে তা কেন্দ্রীয় সরকারের কাছে ফেরত চলে যাবে**